দৈনিক বাংলা

তারিখ ... 16/7/80 ...
পৃষ্ঠা ... ৪ কলাম ... 1 ...

096

# প্রাথমিক শিক্ষার জন্য ৪ কোটি ডলার আইডিএ ঋণ

ওয়াশিংটন, ১৫ই জুলাই (বাসস)।—আন্তর্জাতিক উন্নয়ন সমিতি প্রাথমিক শিক্ষা-খাতের প্রধান প্রধান সমস্যা কাটিয়ে উঠতে বাংলাদেশকে সাহায্য করার জন্য সম্প্রতি ৪ কোটি ডলারের ঋণ অনুমোদন করেছে।

বিশ্বব্যাংকের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান হয়, ৪০টি থানাকে অন্তর্ভুক্ত করে ৫ কোটি ২৪ লাখ ডলার ব্যয়সাপেক্ষ এই প্রাথমিক শিক্ষা প্রকল্পটি হচ্ছে সার্বজনীন প্রাথমিক শিক্ষার একটি জাতীয় কার্যক্রম গড়ে তোলার প্রথম পর্যায়। পল্লী এলাকায় শিক্ষার সুযোগের অভাব, স্বল্পসংখ্যক ছাত্রীর অন্তর্ভুক্তি, শিক্ষাদানের ক্ষেত্রে নিম্নমান এবং ছাত্রছাত্রীদের অর্জিত স্বল্প শিক্ষার মত প্রধান প্রধান সমস্যা কাটিয়ে উঠতে সহায়তা করাই প্রকল্পের লক্ষ্য। প্রকল্পের বাকী ১ কোটি ২৪ লাখ ডলার যোগাবেন বাংলাদেশ সরকার।